



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৭৬/ 2906/8

তারিখঃ ০২/১০/২০১৭খ্রিঃ

বিষয় : গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং- ১৩০৩১/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন বৈলর কানহর এ ডি এস আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া সংক্রান্ত এ দপ্তরের নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৭৬/২৬৮৩/৪; তারিখঃ ২৮/০৮/২০১৭খ্রিঃ স্মারকের বিরুদ্ধে জনাব মোঃ আলতাফ হোসেন মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৩০৩১/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

২) রিট মামলাটি বোর্ডের তথা সরকার পক্ষে পরিচালনার জন্য মাদ্রাসার অধ্যক্ষকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, বৈলর কানহর এ ডি এস আলিম মাদ্রাসা
ত্রিশাল, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৭৬/

তারিখঃ /১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. সভাপতি, বৈলর কানহর এ ডি এস আলিম মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪